

তারিখ: 02/08/2017

তিরুমালা কো-অপারেটিভ আরবান ব্যাঙ্ক লিমিটেড, হায়দ্রাবাদ, তেলেঙ্গানা-দণ্ডিত হল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)—এর ধারা 47A(1)(b) তৎসহ পঠিত ধারা 46(4) —এর বিধানের অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে নিম্নলিখিত নির্দেশবিধি এবং নির্দেশিকাগুলি লঙ্ঘনের কারণে তিরুমালা কো-অপারেটিভ আরবান ব্যাঙ্ক লিমিটেড, হায়দ্রাবাদ, তেলেঙ্গানা- র উপর ₹ 2.00 লক্ষ (দুই লক্ষ টাকা মাত্র)—এর আর্থিক জরিমানা আরোপ করেছে।

1. নির্দেশকগণ এবং তাঁদের আত্মীয়দের সাথে সংশ্লিষ্ট ঋণ এবং অগ্রিমসমূহ
2. উন্মুক্ত করা রাশির ক্ষেত্রে প্রযোজ্য বিধি এবং সংবিধিবদ্ধ/ অন্যান্য বিধিনিষেধ
3. ইউসিবি-র লাভ থেকে জনগণ/ দাতব্য উদ্দেশ্যে করা অনুদান/ অবদান

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কের প্রতি ‘কারণ দেখাও’ নোটিশ জারি করেছিল, যাতে সাড়া দিয়ে উক্ত ব্যাঙ্ক একটি লিখিত জবাব পেশ করেছিল। বিষয়টি সংক্রান্ত তথ্যাদি, ব্যাঙ্কটির বিষয় সম্পর্কিত জবাব এবং ব্যক্তিগত শুনানি বিবেচনা করে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে উক্ত বিধিলঙ্ঘন বাস্তবের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং দণ্ড আরোপ যথোপযুক্ত।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি: 2017-2018/331